# AKASHVANI KOLKATA
## Regional News Unit

**Date: 01.07.2026** **Time: 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ডিজিটাল ইন্ডিয়া, ভারতের শাসন ব্যবস্হার আমূল পরিবর্তন ঘটিয়েছে। #গতি পেয়েছে, নাগরিকদের ক্ষমতায়ন এবং উন্নয়ন।

২/ দেশজুড়ে আজ ভিবিজি রামজি আইন কার্যকর হয়েছে । #এর ফলে লক্ষ লক্ষ গ্রামীণ শ্রমিকদের জীবন ও জীবিকা সুনিশ্চিত হবে।

৩) জাপানের প্রধানমন্ত্রী সানাই তাকাইচি ষোড়শ ভারত -জাপান বার্ষিক শিখর সম্মেলনে যোগ দিতে আজ ভারতে আসছেন ।

৪/ ভারতের সেনা বাহিনীর প্রধান জেনারেল ধীরাজশেঠ বলেছেন, সেনা বাহিনীর আধুনিকীকরণের মাধ্যমেই দেশ যে কোন চ্যালেঞ্জ মোকাবিলা করবে।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় চিকিৎসক দিবস উদযাপিত হচ্ছে।।

৬/ ভারত ও ইংল্যান্ডের মধ্যে পাঁচ ম্যাচের আন্তর্জাতিক টি-টোয়েন্টি সিরিজ আজ থেকে শুরু হচ্ছে। #ইংল্যান্ডের চেষ্টার লে স্ট্রীট এর রিভার সাইডঃ গ্রাউন্ডে ভারতীয় সময় রাত দশটায় দুই দল মুখোমুখি হবে।

********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ডিজিটাল ইন্ডিয়া, ভারতের শাসন ব্যবস্হার আমূল পরিবর্তন ঘটিয়েছে। এরফলে নাগরিকদের ক্ষমতায়ন এবং উন্নয়ন গতি পেয়েছে। ডিজিটাল ইন্ডিয়া উদ্যোগের ১১ বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী বলেন, এই ব্যবস্হা দেশের মানুষের প্রতিটি বিষয়কে ছুঁয়ে গেছে। ডিজিটাল পেমেন্ট এবং সরাসরি সুবিধা হস্তান্তর ডিবিটি-র মাধ্যমে উপভোক্তাদের কাছে খুব সহজেই পৌঁছনো সম্ভব হচ্ছে। তিনি আরও বলেন, মানুষের জীবনযাত্রা সহজতর করে তুলতে এই প্রযুক্তি একটি শক্তিশালী হাতিয়ার। দেশের প্রতিটি প্রান্ত, এমন কি গ্রাম, দ্বিতীয় ও তৃতীয়স্তরের শহরগুলিতেও সাধারণ মানুষ ডিজিটাল ইন্ডিয়ার সাফল্য উপভোগ করছে। দেশের তরুণ উদ্যোক্তা, স্টার্টাপ, একাধিক সমস্যা সামলে সাফল্যের সঙ্গে কাজ করছে। কৃষি, বাণিজ্য, জনসেবা সর্বত্রই ডিজিটাল ইন্ডিয়া গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। মানব জাতির কল্যাণে এবং স্হিতিশীল উন্নয়নে ডিজিটাল ইন্ডিয়া আগামী দিনে পথ দেখাবে বলে তিনি মন্তব্য করেন।

*****************************************************************************

গত বছরের  তুলনায় চলতি বছরের জুন মাসে ইউনিফায়েড পেমেন্টস ইন্টারফেস (ইউপিআই) লেনদেনের সংখ্যা ২৩ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে বেড়ে ২ হাজার ২ ০০ কোটি  ছাড়িয়েছে। এছাড়াও গত মাসের লেনদেনের পরিমাণ ২০ শতাংশ বৃদ্ধি পেয়ে ২৮ লক্ষ কোটি টাকার গণ্ডি ছাড়িয়েছে।
ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া NPCIর প্রকাশিত তথ্য অনুযায়ী, জুন মাসে ইউপিআইএর মাধ্যমে গড়ে প্রতিদিন প্রায় ৭৫৭ মিলিয়ন লেনদেন হয়েছে।
এদিকে সংযুক্ত আরব আমির শাহী, সিঙ্গাপুর, ফ্রান্স, মরিশাস ও শ্রীলঙ্কা সহ আটটিরও বেশি দেশে এখন ইউপিআই পরিষেবা কার্যকর হয়েছে।

*****************************************************************************

দেশ জুড়ে আজ 2025 সালের বিকশিত ভারত গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) কার্যকর হয়েছে। কেন্দ্রীয় গ্রাম উন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান এই ঘটনাকে ঐতিহাসিক মাইল ফলক হিসাবে চিহ্নিত করেছেন। সমাজ মাধ্যমে একবার্তায় শ্রী চৌহান বলেন, এই আইন লক্ষ লক্ষ গ্রামীণ শ্রমিকদের জীবন জীবিকা সুনিশ্চিত করে আত্মসম্মান সুনিশ্চিত করার এক নতুন অধ্যায়ের সূচনা। আইনটি গ্রামাঞ্চলে প্রতিটি যোগ্য পরিবারের জন্য মজুরিভিত্তিক কর্মসংস্থানের আইনি গ্যারান্টি ১০০ দিন থেকে বাড়িয়ে ১২৫ দিন করেছে।

( বাইট- শিবরাজ সিং চৌহান)

এদিকে , নতুন ব্যবস্থা সুষ্ঠুভাবে কার্যকর করতে কেন্দ্রীয় সরকার রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির সঙ্গে নিবিড় সমন্বয়ের মাধ্যমে প্রস্তুতি সম্পন্ন করেছে। তিনি বলেন ভিবিজি রাম জি আইন গ্রামীণ ভারতের আত্মমর্যাদা বৃদ্ধিতে মহিলাদের ক্ষমতায়ন এবং জীবন জীবিকার দিশা দেখাতে নব দিগন্তের সূচনা করবে।

*****************************************************************************

ষোড়শ ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগ দিতে জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি আজ সন্ধ্যায় তিন দিনের সফরে নতুন দিল্লিতে পৌঁছাবেন। বিদেশ মন্ত্রক জানিয়েছে, সম্মেলনে দ্বিপাক্ষিক সহযোগিতার সামগ্রিক ক্ষেত্র পর্যালোচনা ও জোরদার করার পাশাপাশি  পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে মতবিনিময় করা হবে।

সফরের দ্বিতীয় দিনে রাষ্ট্রপতি ভবনে প্রধানমন্ত্রী তাকাইচিকে আনুষ্ঠানিক সংবর্ধনা জানানো হবে। এরপর তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে আলোচনায় বসবেন। দুই নেতার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি পর্যালোচনা এবং গুরুত্বপূর্ণ বিষয়গুলোতে সহযোগিতা আরও গভীর করার উপায় নিয়ে আলোচনার কথা রয়েছে। এরপর সমঝোতা স্মারক বিনিময় ও যৌথ সংবাদ বিবৃতি দেওয়া হবে। প্রধানমন্ত্রী তাকাইচি  দিল্লিতে আয়োজিত ভারত-জাপান বিজনেস ফোরামে অংশ নেবেন।

এটি প্রধানমন্ত্রী তাকাইচির ভারতে প্রথম আনুষ্ঠানিক সফর। গত বছরের আগস্টে ১৫তম ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর টোকিও সফরের ধারাবাহিকতায় এই সফরটি অনুষ্ঠিত হচ্ছে ।

******************************************************************************

কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েল আর্থিক পরিষেবা, ফিনটেক, ডিজিটাল লেনদেন এবং অত্যাধুনিকপ্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে ভারত ও গ্রিসের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক শক্তিশালী করার বিষয়ে আলোচনা করেছেন। গ্রিস সফরকালে তিনি সেদেশের অর্থমন্ত্রী কিরিয়াকোস পিয়েরাকাকিসের সঙ্গে সাক্ষাৎ করেন। সমৃদ্ধি অর্জনের লক্ষ্যে ভারত ও গ্রিসের বিভিন্ন প্রতিষ্ঠান ও ব্যবসায়িক সংস্থার মধ্যে সহযোগিতা কি করে আরও বৃদ্ধি করা যায়, সেই বিষয় নিয়েও উভয় পক্ষ আলোচনা করেছে। এছাড়া, শ্রী গোয়েল গ্রিসের পরিকাঠামো ও পরিবহনমন্ত্রী ক্রিস্টোস ডিমাসের সঙ্গেও সাক্ষাৎ করেন এবং পরিকাঠামো, পরিবহন সংযোগ, সামুদ্রিক ব্যবসা বাণিজ্য, বিমান চলাচল, সুস্থায়ী যোগাযোগ ব্যবস্থার মোট বিষয়ে দুটি দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধির বিষয়ে মত বিনিময় করেছেন। তিনি স্থিতিশীল সরবরাহ ব্যবস্থা গড়ে তুলতে এবং ভারত ও ইউরোপের মধ্যে সম্পর্ক আরও জোরদার করতে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির উপর গুরুত্ব দেন।

******************************************************************************

পাঞ্জাবে আজ ভোরে ভাতিন্ডা-ডাবওয়ালি জাতীয় সড়কে দাঁড়িয়ে থাকা একটি ট্রাকের সঙ্গে চার চাকার গাড়ির সংঘর্ষে রাজস্থানের চারজন তীর্থযাত্রী প্রাণ হারিয়েছেন। দুর্ঘটনার সময় তারা অমৃতসরের স্বর্ণ মন্দির এবং আরও অমরনাথ মন্দিরে যাচ্ছিলেন। আহতরা বিপদমুক্ত এবং তদন্ত চলছে।

******************************************************************************

ভেনিজুয়েলা'র ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ১ হাজার ৯ শো ৪৩। আহতের সংখ্যা দ্বিগুণ বেড়ে হয়েছে ১০ হাজার ৫ শো ৭১। ভেনিজুয়েলা সরকার জানিয়েছে,ভূমিকম্পের পর দু'দিনে ৫ হাজার ৩শো ৮০ জনকে উদ্ধার করা হলেও, তৃতীয় দিনে মাত্র ৪ জনকে জীবিত উদ্ধার করা গেছে।

******************************************************************************

রাজস্থানের দাউসা জেলায় দিল্লি-মুম্বাই এক্সপ্রেসওয়েতে একটি লরির সঙ্গে যাত্রীবাহী একটি বাসের মুখোমুখি বেশি। তানাওয়াত গ্রামের কাছে আজ ভোর রাত ৩-টের সময় এই দুর্ঘটনা ঘটে। বাসটি ঋষিকেশ থেকে ইন্দোরের দিকে যাচ্ছিল। লরির সঙ্গে সংঘর্ষে বাসটিতে আগুন ধরে যায়। শীততাপ নিয়ন্ত্রিত বাসটি থেকে বেশ কয়েকজন বের হতে না পারায় এই বিপত্তি ঘটে।

******************************************************************************

ভারতের সেনাবাহিনীর প্রধান জেনারেল ধীরাজ শেঠ বলেছেন, সেনাবাহিনীর আধুনিকীকরনের মাধ্যমেই দেশের নিরাপত্তা পরিস্থিতি যে কোন চ্যালেঞ্জের মোকাবিলা করতে সক্ষম হবে। সেনাবাহিনীর ৩১তম প্রধান

হিসাবে দায়িত্ব গ্রহণের পর সাংবাদিকদের কাছে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, দেশের সেনাবাহিনীর লক্ষ্য হল প্রযুক্তি নির্ভর শক্তিশালী বাহিনী গড়ে তোলা যা ভবিষ্যৎকে দিশা দেখাবে।

*********************************************************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ জাতীয় চিকিৎসক দিবস উদযাপিত হচ্ছে।। পশ্চিমবঙ্গের দ্বিতীয় মুখ্যমন্ত্রী ডাক্তার বিধানচন্দ্র রায়ের জন্মদিন চিকিৎসক দিবস হিসাবে পালন করা হয়। তৎকালীন কেন্দ্রীয় সরকার ১৯৯১ সালে ডাক্তার বিধানচন্দ্র রায়ের জন্ম দিনটি জাতীয় চিকিৎসক দিবস হিসেবে পালনের কথা ঘোষণা করে।

উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান, এ উপলক্ষে সারা দেশের ডাক্তারদের অভিনন্দন জানান।

জাতীয় চিকিৎসক দিবসে,দেশের সকল চিকিৎসকদের শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।এক সোশ্যাল মিডিয়া পোস্টে প্রধানমন্ত্রী বলেন, দেশের স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থা উন্নয়নে,চিকিৎসকদের কঠোর পরিশ্রম ,সাধারণ মানুষদের প্রতি সমবেদনা এবং অঙ্গীকারের বিশেষ ভূমিকা রয়েছে।

চিকিৎসক দিবস উপলক্ষে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা চিকিৎসকদের অবিচল নিষ্ঠার জন্য শুভেচ্ছা জানিয়েছেন।

( বাইট- নাড্ডা )

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, ডাক্তার বিধান চন্দ্র রায়ের জন্ম মূর্তিতে পুস্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। ডাক্তার দিবস উপলক্ষে বিধাননগরে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যের চিকিৎসকদের নির্ভয়ে কাজ করার আহ্বান জানান। বিগত দিনে বিভিন্ন ঘটনায় ডাক্তারদের ওপর যে অবাঞ্ছিত ঘটনা ঘটেছে তিনি তার নিন্দা করেন।

*********************************************************************

অন্নপূর্ণা যোজনায় আজ দ্বিতীয় পর্যায়ের সুবিধা প্রাপকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে টাকা পাঠানো শুরু হয়েছে। পশ্চিমবঙ্গের কলকাতায় নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী কয়েকজন উপভোক্তার অ্যাকাউন্টে প্রতীকীভাবে অর্থ স্থানান্তরের মাধ্যমে কর্মসূচির সূচনা করবেন। রাজ্যে এক কোটি ২০ লক্ষ যোগ্য উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে সরাসরি অর্থ পাঠানো হবে বলে মুখ্যমন্ত্রী গতকাল বাঁকুড়ায় হুল দিবসের অনুষ্ঠান মঞ্চ থেকে জানিয়েছেন।

*********************************************************************

বিশিষ্ট চলচ্চিত্র ও নাট্যব্যক্তিত্ব বিজয়া মেহতা গতকাল রাতে মুম্বাইতে তাঁর বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯২ বছর। মারাঠি নাট্যধারার অন্যতম পথিকৃৎ বিজয় মেহতা মারাঠি নাট্যমঞ্চে নাটকের ভাষার ক্ষেত্রে এক অভিনব দৃষ্টিভঙ্গির প্রকাশ ঘটান তিনি।
তাঁর উল্লেখযোগ্য নাটকগুলোর মধ্যে আছে 'ব্যারিস্টার', 'সখারাম বাইন্ডার', 'হামিদাবাইচি কোঠি', 'মহানির্বাণ', 'পুরুষ', 'হয়বদন' এবং 'ওয়াড়া চিড়েবন্দি'।

বিজয় মেহতা ১৯৭৫ সালে সঙ্গীত নাটক আকাদেমি পুরস্কার এবং ১৯৮৬ সালে 'রাও সাহেব' চলচ্চিত্রের জন্য শ্রেষ্ঠ পার্শ্ব-অভিনেত্রী হিসেবে জাতীয় চলচ্চিত্র পুরস্কার পান।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বিজয় মেহতার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন সমাজ মাধ্যমে   এক বার্তায় তিনি বলেন মারাঠি নাটকও চলচ্চিত্র দুনিয়ায় তার অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে।

***************************************************************************

ভারত ও ইংল্যান্ডের মধ্যে পাঁচ ম্যাচের আন্তর্জাতিক টি-টোয়েন্টি  সিরিজ আজ থেকে শুরু হচ্ছে।সিরিজের প্রথম ম্যাচে আজ ইংল্যান্ডের চেস্টার-লে-স্ট্রিটের রিভারসাইড গ্রাউন্ডে ভারতীয় সময় রাত দশটায় দুই দল মুখোমুখি হবে।

সিরিজের দ্বিতীয় ম্যাচ শনিবার ম্যানচেস্টারে, তৃতীয় ম্যাচ ৭ জুলাই নটিংহ্যামে অনুষ্ঠিত হবে। শেষ দুটি ম্যাচ হবে যথাক্রমে ব্রিস্টল ও সাউদাম্পটনে।পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ শেষ হবে ১১ জুলাই।

এরপর ভারত ও ইংল্যান্ড তিন ম্যাচের একদিনের আন্তর্জাতিক সিরিজেও মুখোমুখি হবে।

***************************************************************************

বিশ্বকাপ ফুটবলে, রাউন্ড অফ থার্টি টু-র ম্যাচে, আজ মেক্সিকো, ইকুয়েডরকে ২-০ গোলে হারিয়ে দিয়েছে। এদিকে, গতরাতে, ফ্রান্স, ৩-০ গোলে সুইডেনকে হারিয়ে রাউন্ড অফ সিক্সটিনে পৌঁছছে।  ফ্রান্সের হয়ে ৪৫ ও ৭৪ মিনিটে জোড়া গোল করেন কিলিয়ন এমবাপে, ৫৩ মিনিটে একটি গোল করেন ব্র্যাডলি বারকোলা। এই রাউন্ডে ফ্রান্স, প্যারাগুয়ের বিরুদ্ধে খেলবে। এই ম্যাচে গোলের ফলে, এমবাপে, চলতি বিশ্বকাপে সর্বোচ্চ গোলদাতা হিসেবে মেসির সঙ্গে প্রথম স্থানে উঠে এলেন। দুজনেই চলতি বিশ্বকাপে ৬ টি করে গোল করেছেন।

অন্য ম্যাচে, নরওয়ে, আইভরি কোস্টকে ২-১ গোলে হারিয়ে রাউন্ড অফ সিক্সটিনে উঠলো। ১৯৯৮ সালের পর, এই প্রথম রাউন্ড অফ সিক্সটিনে পৌঁছলো তারা।

এদিকে, আজ আরও দুটি খেলা আছে। ইংল্যান্ড, গণপ্রজাতন্ত্রী কঙ্গোর বিরুদ্ধে খেলবে। আটলান্টা স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে ৯ টায়।

অন্য খেলায়, বেলজিয়াম, সেনেগালের বিরুদ্ধে খেলবে। সিয়াটেল স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত দেড়টায়।

***************************************************************************